



বিএনপির জয়ে তারেক রহমানকে অভিনন্দন জানালেন শাহবাজ শরিফ



ছবি: সংগৃহীত

বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) নিরঙ্কুশ বিজয় অর্জন করায় দলটির চেয়ারম্যান তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) সকালে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া বার্তায় তিনি এ অভিনন্দন জানান। বার্তায় পাকিস্তানের প্রধানমন্ত্রী বাংলাদেশের জনগণকে সফলভাবে নির্বাচন সম্পন্ন করার জন্যও অভিনন্দন জানান। তিনি বলেন, দুই দেশের ঐতিহাসিক ও বহুমাত্রিক সম্পর্কে আরও শক্তিশালী করার সুযোগ তৈরি হয়েছে। নতুন সরকারের সঙ্গে একযোগে কাজ করে দক্ষিণ এশিয়া ও বৈশ্বিক পরিসরে শান্তি, স্থিতিশীলতা এবং উন্নয়নের লক্ষ্যে এগিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন তিনি।

উল্লেখ্য, বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে সংখ্যাগরিষ্ঠতা পেয়ে সরকার গঠনের পথে রয়েছে বিএনপি।

LENS ASIA